

## প্যারিসে আনন্দ মেলা

ওয়াসিম খান পলাশ



মেলায় আগত অতিথিদের একাংশ

সম্প্রতি প্যারিসে অনুষ্ঠিত হলো আনন্দ মেলা। সামারের একটি দিন সবাই মিলেমিশে হৈ চৈ করে কাটিয়ে দেয়াই ছিল এই পিকনিকের উদ্দেশ্য। নগরীর লা কর্নেভ ডিপার্টমেন্টাল পার্কে অনুষ্ঠিত এই পিকনিকে সর্বস্তরের প্রায় হাজার খানেক বাংলাদেশী অংশগ্রহন করেন। স্থানীয় সাহিত্যিক, রাজনীতিক, সংগঠক, চিত্র শিল্পী, মিডিয়া প্রতিনিধি, ব্যবসায়ী, কর্তৃ শিল্পীরা এই আনন্দ মেলায় অংশগ্রহন করেন। মেলার আয়োজক ছিলেন ফ্রাঙ্গের সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন আনন্দ। দিনব্যাপী আয়োজিত মেলায় অংশগ্রহন ছিল ফ্রি। আগত অর্থিতে বিনামূলে মধ্যান্ন ভোজ ও খেলাধূলায় অংশগ্রহন করেন। প্রতিযোগীতায় বিজয়ীদের মাঝে আকর্ষণীয় পুরস্কার দেয়া হয়। প্রতিযোগীতায় বিভিন্ন বয়সের ছেলে মেয়েদের দৌড়, চকলেট দৌড়, মেয়েদের বালিশ খেলা, বড়দের ছিল ফুটবল প্রতিযোগিতা। মেলায় অন্যতম আকর্ষন ছিল ফ্রাঙ প্রবাসী প্রবীন চিত্র শিল্পী আব্দুল হামিদের একক চিত্র প্রদর্শনী। আসুন আমরা সুন্দর একটি পৃথিবী গড়ে তুলি । এই শোগান নিয়েই ছিল তার চিত্র

প্রদর্শনী। এক সাক্ষাতকারে জনাব হামিদ তার এই শ্লোগান পৃথিবীর প্রতিটি মানুষের কাছে পৌছে দেয়ার আহবান জানান।

মেলায় অংশ গ্রহন করি হলেও, অনেকেই ঘরে তৈরী হালকা খাবার, পাণীয় নিয়ে আসেন বিকেলের নাস্তায়। মেলায় আয়োজকরা একটি ষ্টল রাখেন আগত অতিথিদের জন্য। চা, কফি, ড্রিংস, ঝালমুড়ি ভাল সেবা দিয়েছে আগত সাবাইকে। মেলার সর্বশেষে ছিল রেফেল ড্রু। আকর্ষণীয় পুরক্ষারে ছিল ফ্লাট টিভি, আই ফোন, এস্পেরেটর, ডিজিটাল ক্যামেরা ইত্যাদি।

[Editor.aktibangladesh@yahoo.fr](mailto:Editor.aktibangladesh@yahoo.fr)